

India-Vietnam Political Consultations and Strategic Dialogue

May 30, 2022

ভারত-ভিয়েতনাম রাজনৈতিক পরামর্শ এবং কৌশলগত সংলাপ মে 30, 2022

30শে মে 2022-এ পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী সৌরভ কুমার হ্যানয় সফর করেছেন এবং ভারতের বিদেশ মন্ত্রক এবং তার সমতুল্য ভিয়েতনামের উপ বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার গুয়েন মিন ভু-র সাথে যুগ্মভাবে 12 তম রাজনৈতিক পরামর্শ ও 9ম কৌশলগত সংলাপের পৌরোহিত্য করেছেন।

2. উভয় পক্ষ, 2020 সালের ডিসেম্বর মাসে ভারতীয় শীর্ষ সম্মেলনকালে ভারতের প্রধানমন্ত্রী ও ভিয়েতনাম দ্বারা গৃহীত " শান্তি, সমৃদ্ধি এবং জনগণের জন্য যুগ্ম দৃষ্টিভঙ্গি" এবং দুই দেশের বিদেশমন্ত্রীদের দ্বারা স্বাক্ষরিত 2021-2023-এর প্ল্যান অব অ্যাকশন দ্বারা পরিচালিত তাদের ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের সাম্প্রতিক অগ্রগতির পর্যালোচনা করেছেন।

2. কোভিড-19 অতিমারির বিঘ্নতা সত্ত্বেও প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ভিয়েতনামের কম্যুনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক হিজ এক্সেলেন্সি মিস্টার গুয়েন ফু ট্রুং-এর মধ্যে সাম্প্রতিক কালে টেলিফোনে বাক্যালাপ, সেই সাথে 2022 -এর এপ্রিল মাসে লোকসভার স্পিকারের ভিয়েতনাম সফর সহ ঘন ঘন উচ্চপর্যায়ের সম্পর্ক স্থাপনের মধ্যে দিয়ে তাদের বহুমুখী সম্পর্কের গতিবেগকে বজায় রাখার উপরে তারা তাদের সন্তোষ প্রকাশ করেছেন।

4. এই বছরে ভারত-ভিয়েতনাম কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 50তম বার্ষিকীকে বৈশিষ্ট্যপূর্ণ করার জন্য বিভিন্ন কর্মসূচি ও উচ্চ-পর্যায়ের আদান-প্রদান সহ আগামী সহযোগিতার এজেন্ডা নিয়েও উভয়পক্ষ আলোচনা করেছেন।

5. উভয়পক্ষ পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময় করেছে, বিশেষত কোভিড-19 অতিমারীর বৈশ্বিক প্রভাবের প্রসঙ্গে এবং ইউক্রেনে জারি থাকা সংকটের প্রসঙ্গে; কেননা তারা একে অপরের অর্থনৈতিক বিকাশ ও জাতীয় নিরাপত্তাকে সহযোগিতার অংশীদারিত্বের ক্ষেত্রে নতুন সুযোগের অন্বেষণ করেছে। সচিব (পূর্ব), আমাদের অ্যাক্ট ইস্ট নীতি এবং ইন্দো-প্যাসিফিক দৃষ্টিভঙ্গিতে ভিয়েতনামকে একজন মুখ্য শরিক হিসেবে ভারতের অবস্থানকে পুনরায় সুনিশ্চিত করেছেন।

6. সচিব (পূর্ব) জানিয়েছেন যে, কৃষিক ইমপ্যাক্ট প্রোজেক্ট, আইটিইসি এবং ই-আইটিইসি উদ্যোগ, পিএইচডি ফেলোশিপ, ডিজিটাল সংযোগ এবং ঐতিহ্য সংরক্ষণের মত উদ্যোগগুলির মাধ্যমে ভিয়েতনামকে অগ্রগতি ও ক্ষমতা নির্মাণে সহযোগিতার হাত বাড়িয়ে দেবার ধারাকে বজায় রাখার জন্য ভারত প্রস্তুত রয়েছে। উভয়পক্ষ শারীরিকভাবে সংযোগ বাড়ানো এবং

ভিয়েতনামে তাদের ভাগ করে নেওয়া বৌদ্ধ সংযোগ ও যোগের জনপ্রিয়তা সহ পর্যটন এবং জনগণের সাথে জনগণের আদানপ্রদান করার ক্ষেত্রে সম্মত হয়েছে।

7. উভয়পক্ষ আঞ্চলিক ও বহুপাক্ষিক ক্ষেত্রে তাদের ঘনিষ্ঠ সমন্বয়ে সন্তোষ প্রকাশ করেছে। তারা ভারতের ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগ এবং ইন্দো-প্যাসিফিক অঞ্চলে আসিয়ানের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্য রেখে তাদের দ্বিপাক্ষিক সহযোগিতাকে বৃদ্ধি করতে সম্মত হয়েছেন যাতে এই অঞ্চলে সকলের জন্য ভাগ করে নেওয়া সুরক্ষা, সমৃদ্ধি এবং উন্নতিকে অর্জন করা যায়।

8. সচিব (পূর্ব), তার সফরকালে ভিয়েতনামের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার বুই থান-এর সাথেও সাক্ষাৎ করেছেন এবং তাকে ভারতের বিদেশমন্ত্রী শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ও 2022-এর জুন মাসে বিশেষ আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বৈঠক ও দিল্লি সংলাপে উপস্থিত থাকার জন্য ভারতে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি

মে 30, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.